

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি) ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্য্যালোচনা সভা তথ্য

ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে এমন কার্যক্রমের তথ্যাদিঃ

ক্র: ন:	সেবার নাম	গৃহীত কার্যক্রম	অগ্রগতি	লিংক
০১.	Online Seed monitoring System (বীজ সংরক্ষণ ও বিতরণ সিস্টেম) (অনলাইনে সেবা চালুকরণ)	কৃষক, বীজ ডিলার, সরকারি কৃষি কর্মকর্তা, এনজিও কর্মী ও অন্যান্য আগ্রহী ব্যক্তি বিএডিসি ওয়েবসাইট পরিদর্শনের মাধ্যমে বা মোবাইলে SMS এর মাধ্যমে বিএডিসি'র বিভিন্ন বীজের (আউশ, আমন, বোরো, গম, ভুট্টা ও অন্যান্য বীজ) বর্তমান মৌসুমের মজুদ, ভবিষ্যতে উৎপাদন লক্ষ্যমাত্রা জানতে পারবে। যার উপর ভিত্তি করে কৃষক তার কৃষি কর্ম পরিকল্পনা শস্য বিন্যাস নির্ধারণ করতে পারবে।	(সিস্টেমটির ০২টি অংশঃ ক. বীজ সংরক্ষণ, খ. বীজ বিতরণ) <u>বীজ সংরক্ষণঃ</u> বীজ সংরক্ষণ অংশটির মাধ্যমে বিএডিসি'র নিজস্ব ও চুক্তিবদ্ধ চাষী নিকট হতে বিগত ০৮ বছর হতে কি পরিমাণ বীজ সংরক্ষণ হচ্ছে তা জানা যায়। কাজটির প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। (অফিস, খামার, অর্থ বছর বীজের ধরন ভিত্তিক) সফটওয়্যারটির 119.40.86.147/ এই ঠিকানায় চালু আছে। (সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ পর্যন্ত) <u>বীজ বিতরণঃ</u> এই অংশটির কাজ চলমান। বর্তমানে শুধু উপ পরিচালক বরাবর কি পরিমাণ বিএডিসি মাধ্যমে বীজ বিতরণ করা হচ্ছে তা জানা/সংরক্ষণ করা যাচ্ছে।	লিংক http://119.40.86.147/

০২.	গ্রাউন্ড ওয়াটার জোনিং ম্যাপ (অনলাইনে সেবা চালুকরণ)	এ প্রযুক্তি কম্পিউটার নির্ভর এবং জিআইএস সফটওয়্যার ব্যবহার করে প্রস্তুত করা হয়েছে। মূলত এটি একটি ম্যাপ। প্রিন্ট করেও এটি ব্যবহার করা যায়। ম্যাপে বিভিন্ন রং এর ব্যবহার করে ভূগর্ভস্থ পানির অবস্থান চিহ্নিত করা হয়। তাছাড়া কম্পিউটারে নলকূপের অবস্থানে ক্লিক করে দেশের বিভিন্ন উপজেলার তিন হাজার পর্যন্ত নলকূপের ভূগর্ভস্থ পানির লেভেল, অধিকাংশ ও দ্রাঘিমাংশ ডাটা পাওয়া যায়। জিআইএস সফটওয়্যার ব্যবহার করে গ্রাউন্ড ওয়াটার জোনিং ম্যাপ প্রস্তুত করা হয়েছে	সামগ্রিকভাবে কৃষক, পরিকল্পনাবিদ, উন্নয়ন গবেষক, সরকারী বিভিন্ন বিভাগ এবং কৃষি গবেষক ভূগর্ভস্থ পানির সঠিক অবস্থান ও পানির সঠিক ও সুদক্ষ ব্যবহার নিশ্চিত করতে পারছে।	লিংক http://gwv.gisapps.net/
-----	--	--	--	---

০৩.	<p>গ্রাউন্ডওয়াটার লেবেল ডাটা সংক্রান্ত তথ্য</p> <p>(সেবা প্রক্রিয়া সহজীকরণ)</p>	<p>দেশের বিভিন্ন স্থানের ভূগর্ভস্থ পানির লেবেল বিভিন্ন হয়ে থাকে। ভূগর্ভস্থ পানির লেবেলের উপর ভিত্তি করে সেচের জন্য গভীর ও অগভীর নলকূপ স্থাপন করা হয়। এটি জাতীয় তথ্য সাধারণত কৃষকের নিকট থাকে না।</p> <p>কৃষককে গ্রাউন্ডওয়াটার লেবেল ডাটা সংক্রান্ত তথ্য পেতে বিএডিসি'র সেচ কাজে নিয়োজিত কর্মকর্তাদের নিকট যেতে হতো। যা এখন কৃষক বিএডিসি'র ওয়েবসাইটের 'গ্রাউন্ডওয়াটার লেবেল ডাটা' পেইজ হতে জানতে পারবে। এভাবে সেবাটি সহজ করা হয়েছে।</p>	-	<p>বিএডিসি'র ওয়েবসাইটের 'গ্রাউন্ডওয়াটার লেবেল ডাটা' পেজ হতে তথ্য পাওয়া যাবে।</p>
০৪.	<p>বিএডিসি'র সার ডিলার হিসেবে নিবন্ধন প্রদান সংক্রান্ত</p> <p>(সেবা প্রক্রিয়া সহজীকরণ)</p>	<p>বিএডিসি'র সার ডিলার হিসেবে নিবন্ধন প্রদান সংক্রান্ত কাজটি ইতিপূর্বে ৫ ধাপে সম্পন্ন হত যা সহজীকরণ করে ৪টি ধাপে সম্পন্ন হচ্ছে। ১টি ধাপ কমিয়ে সেবা প্রক্রিয়া সহজীকরণ করা হয়েছে।</p>	-	-